



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

২৮ পৌষ ১৪৩১

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০১

তারিখ:

১২ জানুয়ারি ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

## ফাইন্যান্স কোম্পানিতে স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এবং ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখ: ১৩ মার্চ ২০২৪ ও ডিএফআইএম সার্কুলার লেটার নং-৪০, তারিখ: ১২ ডিসেম্বর ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৪ ধারার নির্দেশনা অনুযায়ী ফাইন্যান্স কোম্পানিসমূহের পর্যদে ন্যূনতম ২(দুই) জন স্বতন্ত্র পরিচালকের সমন্বয়ে পরিচালনা পর্যদ গঠনের বিধান রয়েছে। সুশাসনের স্বার্থে উক্তরূপ বিধান সন্নিবেশিত করা হয়েছে। কিন্তু স্বতন্ত্র পরিচালকগণ ফাইন্যান্স কোম্পানির শেয়ার ধারক হতে স্বাধীন হলেও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক গৃহীত ঋণ খেলাপিতে পরিণত হওয়ার কারণে স্বতন্ত্র পরিচালকগণও ঋণখেলাপি হয়ে যান। ফলে, অনেক ক্ষেত্রে স্বচ্ছ ইমেজের দক্ষ ব্যক্তিবর্গ ফাইন্যান্স কোম্পানিসমূহে পরিচালক হিসেবে নিযুক্তির বিষয়ে অনাগ্রহ প্রকাশ করেন, যা হতে উত্তরণ আবশ্যিক।
- ৩। স্বতন্ত্র পরিচালকগণের মূল দায়িত্ব হলো আমানতকারী ও সাধারণ শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণে নিরপেক্ষ মতামত প্রদান করা। তবে, পরিচালনা পর্যদে স্বতন্ত্র পরিচালকগণের স্বাধীন-নিরপেক্ষ মতামতের কোন প্রতিফলন লক্ষ্য করা যাচ্ছে না। কোন কোন ক্ষেত্রে পরিচালনা পর্যদে প্রতিষ্ঠান ও আমানতকারীদের স্বার্থবিরোধী সিদ্ধান্ত গৃহীত হওয়া সত্ত্বেও উক্ত সিদ্ধান্তের বিষয়ে স্বতন্ত্র পরিচালকদের কোনরূপ note of dissent পাওয়া যাচ্ছে না। অধিকাংশ ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানি কর্তৃক স্বীয় উদ্যোগে স্বতন্ত্র পরিচালক নির্বাচনের ফলেই উদ্ভূত পরিস্থিতির সৃষ্টি হচ্ছে।
- ৪। বর্ণিত প্রেক্ষাপটে, ফাইন্যান্স কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে—
  - (ক) ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা- ১৫ ও ১৭ এবং ডিএফআইএম সার্কুলার নং-২/২০২৪ এ বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততার ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক স্বতন্ত্র পরিচালকের প্যানেল প্রস্তুত করবে। এক্ষেত্রে স্বতন্ত্র পরিচালক হিসেবে যোগ্য ব্যক্তির নাম ও প্রয়োজনীয় তথ্যাদি ফাইন্যান্স কোম্পানিসমূহ সময় সময় বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে প্রেরণ করতে পারবে। নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে যাচাই বাছাই শেষে বাংলাদেশ ব্যাংক তাঁদেরকে প্যানেলভুক্ত করবে;
  - (খ) ফাইন্যান্স কোম্পানিসমূহ উক্ত প্যানেল হতে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি সাপেক্ষে স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান করবে; এবং
  - (গ) ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৭ ধারার বিধান মোতাবেক কোনো স্বতন্ত্র পরিচালকের পদ শূন্য হলে তা অনধিক ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফাইন্যান্স কোম্পানিসমূহ বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করবে। এতদ্ব্যতীত, স্বতন্ত্র পরিচালকের মেয়াদ পূর্তির ক্ষেত্রে বিদ্যমান মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম ৩০ (ত্রিশ) কর্মদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করতে হবে।

- ৫। ফাইন্যান্স কোম্পানিসমূহে নিযুক্ত স্বতন্ত্র পরিচালকগণ ডিএফআইএম সার্কুলার নং-২/২০২৪ এ নির্দেশিত দায়িত্ব ও কর্তব্য স্বাধীনভাবে পরিপালন করবেন। কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হলে বা স্বাধীন মতামত প্রদান বাধাগ্রস্ত হলে বা পর্ষদ সভার কার্যবিবরণীতে মতামতের প্রতিফলন না হলে তিনি অবিলম্বে তা বাংলাদেশ ব্যাংক-কে লিখিতভাবে অবহিত করবেন। প্রয়োজনে, পরিচালনা পর্ষদের কোন সিদ্ধান্তের বিষয়ে তার প্রদত্ত note of dissent এর কপি তিনি সরাসরি বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করবেন।
- ৬। ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ঋণ গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিলে উক্ত ঋণের বিপরীতে স্বতন্ত্র পরিচালকগণ ফাইন্যান্স কোম্পানির পক্ষে কোনরূপ গ্যারান্টিপত্রে স্বাক্ষর করবেন না।
- ৭। স্বতন্ত্র পরিচালকগণের ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৬(৫) ধারার বিধান প্রযোজ্য হবে, অর্থাৎ সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানি ঋণ খেলাপি হওয়ার কারণে স্বতন্ত্র পরিচালক ঋণ খেলাপি হবেন না।
- ৮। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-২, তারিখ: ১৩ মার্চ ২০২৪ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-৪০, তারিখ: ১২ ডিসেম্বর ২০২৪ এর সকল নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।
- ৯। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(গৌতম কুমার ঘোষ)  
পরিচালক (ডিএফআইএম)  
ফোনঃ ৯৫৩০১৭৮